

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ  
পাঠানটুলী, নারায়ণগঞ্জ।  
ই-মেইলঃ [nganjtsc@gmail.com](mailto:nganjtsc@gmail.com)

স্মারক নং- ৫৭.০৩.৬৭০০.৫০২.২৫.০০১.২০.৪৮৬

তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ।

### নিয়োজন/মনোনয়ন বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের SEIP প্রকল্প Tranche-3 এর আওতায় দক্ষ ড্রাইভার তৈরীর লক্ষ্যে অত্র প্রতিষ্ঠানে “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স প্রশিক্ষণ” কার্যক্রম শুরু করা হয়েছে। SEIP প্রকল্পের Business Plan অনুসারে বর্ণিত ড্রাইভিং কোর্স সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে দৈনিক সম্মানী প্রদানের ভিত্তিতে নিয়োজন/মনোনয়ন প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	যোগ্যতা	বেতন ও কাজের ধরণ
১।	ড্রাইভিং ট্রেনার (গেষ্ট ট্রেনার)	০১(এক) জন	মোটর ড্রাইভিং-এ ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। তবে, BRTA কর্তৃক ড্রাইভিং প্রশিক্ষক সনদধারীদের অগ্রাধিকার।	SEIP প্রকল্পের বিধি মোতাবেক
২।	এ্যাসিস্টেন্ট ড্রাইভিং ট্রেনার (গেষ্ট ট্রেনার)	০১(এক) জন	মোটর ড্রাইভিং-এ ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সহ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে।	
৩।	ট্রেনার (ইংলিশ ল্যাঙ্গুয়েজ)	০১(এক) জন	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৫(পাঁচ) বাস্তব বছরের অভিজ্ঞতা।	
৪।	ট্রেনার (অ্যারাবিক ল্যাঙ্গুয়েজ)	০১(এক) জন	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৫(পাঁচ) বাস্তব বছরের অভিজ্ঞতা।	

#### শর্তাবলী :

- প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত পদসমূহে নিয়োজন/মনোনয়ন করা হবে।
- আত্মহী প্রার্থীদের সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, পত্র যোগাযোগ ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয় পত্র নম্বর, মোবাইল নম্বর, জন্ম তারিখ, বয়স(০১/৯/২০২১), নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আগামী ০৭/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র অধ্যক্ষ, নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, নারায়ণগঞ্জ বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে হাতে হাতে অথবা ডাক/কুরিয়ারে পৌছাতে হবে (নির্ধারিত সময়ের পর/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না)।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে :  
(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩-কপি রসিদ ছবি (খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (সকল ডকুমেন্ট ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে)।
- খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে লিখতে হবে।
- অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োজন/মনোনয়নের জন্য যে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- আগামী ০৯/১০/২০২১খ্রিঃ তারিখ, শনিবার, সকাল ১০:০০টায় নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী, নারায়ণগঞ্জ-এ নিয়োজন/মনোনয়ন সংক্রান্ত পরীক্ষা/সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। এ জন্য কোন আলাদা ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- নিয়োজন/মনোনয়ন সংক্রান্ত পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োজন/মনোনয়ন বিজ্ঞপ্তি প্রকাশের কারণে মনোনয়নকারী কর্তৃপক্ষ মনোনয়ন প্রদান করতে বা কার্ড ইস্যু করতে বাধ্য নহেন।
- সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃক আরোপিত সকল বিধিবিধান প্রযোজ্য হবে।
- এ নিয়োজন/মনোনয়ন বিজ্ঞপ্তি কোন স্থায়ী নিয়োগের নিশ্চয়তা প্রদান করে না।

  
মোঃ সেলিম মৃধা  
অধ্যক্ষ

নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ  
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৫৭.০৩.৬৭০০.৫০২.২৫.০০১.২০.৪৮৬(১০)

তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। পরিচালক(ভোকেশনাল),কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও,ঢাকা-১২০৭।
- ২। নির্বাহী প্রকল্প পরিচালক,SEIP,প্রবাসী কল্যাণ ভবন,পুরাতন এলিফ্যান্ট রোড,ঢাকা।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),নারায়ণগঞ্জ।
- ৪। সহকারী পরিচালক(ইঞ্জিঃ),বিআরটিএ,নারায়ণগঞ্জ।
- ৫। বিভাগীয় প্রধান (সকল),অত্র প্রতিষ্ঠান।
- ৬। জনাব-----
- ৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,-----
- ৮। একাডেমিক শাখা/হিসাব শাখা/নিরাপত্তা বিভাগ,অত্র প্রতিষ্ঠান।
- ৯। নোটিশ বোর্ড,অত্র প্রতিষ্ঠান।
- ১০। নথি।



(মোঃ সেলিম মৃধা)

অধ্যক্ষ

নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ  
নারায়ণগঞ্জ।